

# 2013

Annual Report



**30 YEARS**  
WITH THE **PEOPLE**



The IBN SINA Pharmaceutical Industry Ltd.



## বিজ্ঞপ্তি



### দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি লিমিটেড

বাড়ী নং ৪১, সড়ক নং ১০/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯

### ৩০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি লিমিটেড-এর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জুন ২০১৪, শনিবার সকাল ৯ : ৩০ টায় কোম্পানির ৩০তম বার্ষিক সাধারণ সভা ইমানুয়েলস কনভেনশন সেন্টার, সীমান্ত স্কয়ার মার্কেট (রাইফেলস স্কয়ার) ৬ষ্ঠ তলা, ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হবে। সভায় নিম্ন বর্ণিত বিষয়সমূহ আলোচিত হবে।

### আলোচ্যসূচী

১. ২০১৩ সালের নিরীক্ষিত হিসাব এবং তার উপর কোম্পানির পরিচালকমন্ডলী ও নিরীক্ষকের প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।
২. ২০১৩ সালের প্রস্তাবিত লভ্যাংশ অনুমোদন।
৩. অডিটর নিয়োগ এবং তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।
৪. পরিচালক নির্বাচন।

কোম্পানির শেয়ারহোল্ডারবৃন্দকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বোর্ডের আদেশক্রমে

তারিখ

১৫ এপ্রিল, ২০১৪

  
(মোঃ শহীদ ফারুকী, এফ সি এস)  
কোম্পানি সেক্রেটারী

টীকা:

- ক. রেকর্ড ডেট (Record date) : ৩০ এপ্রিল, বুধবার, ২০১৪
- খ. রেকর্ড ডেট (Record date) এ কোম্পানি শেয়ার রেজিস্টার অথবা ডিপজিটরি রেজিস্টারে যে সকল শেয়ারহোল্ডারবৃন্দের নাম রেকর্ডভুক্ত থাকবে তাই কেবল বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়া, ভোট প্রদান এবং লভ্যাংশ পাবার যোগ্য বলে বিবেচিত হবেন।
- গ. সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানে উপযুক্ত কোন সদস্য/সদস্যা তাঁর পক্ষে অন্য কোন ব্যক্তিকে সভায় অংশগ্রহণ ও ভোটদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন।
- ঘ. সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের অন্তত পক্ষে ৪৮ ঘন্টা পূর্বে প্রক্সি ফরম ২০.০০ টাকার রেভিনিউ স্ট্যাম্প সহকারে যথাযথভাবে পূরণ করে কোম্পানির রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে।
- ঙ. বার্ষিক প্রতিবেদন, হাজিরা স্লিপ ও প্রক্সি ফরম নোটিশের সাথে ডাকযোগে শেয়ারহোল্ডারবৃন্দের কাছে পাঠানো হচ্ছে। শেয়ারহোল্ডারগণ কোম্পানির রেজিস্টার্ড অফিস থেকেও প্রতিবেদন ও প্রক্সি ফরম সংগ্রহ করতে পারবেন।
- চ. ৩০তম বার্ষিক সাধারণ সভায় 'বি' গ্রুপের শেয়ারহোল্ডারগণের মধ্য থেকে ১ জন পরিচালকের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত পদে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক প্রার্থীকে সভা অনুষ্ঠানের নির্দিষ্ট তারিখ এবং সময়ের কমপক্ষে ৭দিন পূর্বে অফিস চলাকালীন সময়ে কোম্পানি সেক্রেটারীর নিকট মনোনয়ন পত্র দাখিল করতে হবে।
- ছ. সভার দিন বেলা ১০.৩০ টার মধ্যে সম্মানিত শেয়ার হোল্ডারদের নাম সংশ্লিষ্ট কাউন্টারে অবশ্যই নিবন্ধন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী  
আসন্ন ৩০তম বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার/খাবার প্রদানের ব্যবস্থা থাকবে না।